



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
এন্টি টেররিজম ইউনিট
বাড়ী নং-৩৫, সোহরাওয়ার্দী এভিনিউ
ব্লক-কে, বারিধারা, ঢাকা-১২১২।
www.atu.police.gov.bd



স্মারক নং- পিআর ১৩২/২৩

তারিখঃ ২০ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ
৩ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: এন্টি টেররিজম ইউনিট (এটিইউ) কর্তৃক নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন “হিজবুত তাহরীর” এর একজন সাজাপ্রাপ্ত পলাতক আসামী গ্রেফতার।

এন্টি টেররিজম ইউনিট (এটিইউ) এর একটি অভিযানিক দল গোপন সংবাদের ভিত্তিতে ০৩ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি. সকাল ০৯.০০ ঘটিকায় ভাটারা থানাধীন নতুন বাজার এলাকা থেকে নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন “হিজবুত তাহরীর” এর একজন সাজাপ্রাপ্ত পলাতক আসামীকে গ্রেফতার করেছে। আসামীর নাম: তমিজ আহম্মেদ সবুজ (৩২), পিতা-শাহজাহান হাওলাদার, সাং-তালতলী পাড়া (বটতলা ফরেস্ট অফিসের পাশে), থানা-তালতলী, জেলা-বরগুনা। সে দীর্ঘ প্রায় ০৭ (সাত) বছর যাবৎ দেশের বিভিন্ন এলাকায় আত্মগোপনে ছিল।

গ্রেফতারকৃত আসামী তমিজ আহম্মেদ সবুজ (৩২) “ইসলামী খিলাফত” প্রতিষ্ঠার লক্ষ্যে ভীতি ও অস্থিরতা সৃষ্টির মাধ্যমে বাংলাদেশ রাষ্ট্র বিরোধী ষড়যন্ত্র এবং গণতন্ত্র ও প্রচলিত বিচার ব্যবস্থার বিরুদ্ধে প্রচার প্রচারণাসহ সাংগঠনিক কার্যক্রম পরিচালনা করে আসছিল। ২০১৪ সালে নিষিদ্ধ জঙ্গি সংগঠন হিবুত তাহরীর এর লিফলেট বিতরণ করাকালীন তাকে গ্রেফতার করা হয়েছিল। পরে জামিনে মুক্তি পেয়ে সে পলাতক হয়ে যায়। অনলাইনে উগ্রবাদী প্রচারণাসহ রাষ্ট্র বিরোধী ষড়যন্ত্রের মাধ্যমে বাংলাদেশে খিলাফত প্রতিষ্ঠা করার উদ্দেশ্যে দীর্ঘ সময় ধরে সে বিভিন্ন কার্যক্রম চালাচ্ছিল।

গ্রেফতারকৃত তমিজ আহম্মেদ সবুজ (৩২) ডিএমপি এর কলাবাগান থানার মামলা নং-০৭(১২)১৪, সন্ত্রাস বিরোধী ট্রাইব্যুনাল মামলা নং- ৭৪/১৮ এর সাজাপ্রাপ্ত পলাতক আসামী। গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে পরবর্তী আইনানুগ ব্যবস্থা প্রক্রিয়াধীন।

০৩/০২/২০২৩

(মোহাম্মদ আসলাম খান)

পুলিশ সুপার

(মিডিয়া অ্যান্ড অ্যাওয়ারনেস উইং)

এন্টি টেররিজম ইউনিট,

বাংলাদেশ পুলিশ, ঢাকা

E-mail: atu.spma@police.gov.bd